
দৈনিক বাংলা

তারিখ ৫।৭।৮০
পৃষ্ঠা ....... কলাম .......

038



# বাংলায় পিএইচডি লাভ

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

সম্প্রতি শ্রী সুনীল কুমার মুখোপাধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের পিএইচডি লাভ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সুপারিশক্রমে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট তাকে পিএইচডি দান করে।

শ্রী সুনীল কুমার মুখোপাধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের প্রফেসর ও চেয়ারম্যান ডক্টর মোহাম্মদ মনিরুজ্জামানের তত্ত্বাবধানে জসীমউদ্দীন: কবি মানস ও কাব্য সাধনা শীর্ষক অভিসন্দর্ভ রচনা করে পিএইচডি লাভ করলেন। তিনি বর্তমানে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের এ্যাসোসিয়েট প্রফেসর এবং মীর মোশাররফ হোসেন হলের প্রভোস্ট।

তিনি সমালোচক ও প্রবন্ধকার হিসেবে সুপরিচিত। তার প্রকাশিত গ্রন্থের মধ্যে রয়েছে: জসীমউদ্দীন (১৯৬৭), ফররুখ আহমেদ (১৯৬৮), সাহিত্য সমীক্ষা (১৯৭৫) ইত্যাদি। উল্লেখ্য শ্রী মুখোপাধ্যায় ১৯৬৭ সালে গবেষণা ও প্রবন্ধের জন্যে দাউদ পুরস্কার লাভ করেন।